

নীলফামারীতে উপবৃত্তি পাচ্ছে না অনেক ছাত্রী
প্রকল্প এবং স্কুল কর্তৃপক্ষের
গাফলতি কারণ

নীলফামারী হাজিরা : দুই কর্তৃপক্ষের কাণা ছোড়াছড়ি, বামবেয়ালি ও গাফলতির কারণে বিপুলসংখ্যক নারী শিক্ষার্থী এবার পরকারের উপ-বৃত্তি পাচ্ছেনা। এর ফলে দরিদ্র ঘরের অনেক মেয়ের পড়াশোনা প্রায় অনিশ্চিত হয়ে পড়েছে। এ ব্যাপারে উপবৃত্তি প্রকল্প কর্তৃপক্ষ এবং স্কুল কর্তৃপক্ষ পরস্পরের ঘাড়ে দোষ চাপিয়ে এবং-পালটাপালটি অভিযোগ করে ঘটনার দায় এড়ানোর চেষ্টা করছে। কিন্তু তাদের দায়িত্বহীনতার কারণে বিপুলসংখ্যক ছাত্রী এই বৃত্তি থেকে বঞ্চিত হলেও এখনও তাদের কাছে বিষয়টি গোপন রাখা হয়েছে। ফলে তহমদর অনেকেই জানেনা উপ-বৃত্তির আশায় তারা ধার-সেবা করে স্কুলে ভর্তি হয়ে বইপত্র কিনেছে, সেশন ফি দিয়েছে সেই উপবৃত্তি তারা না পেলে কিভাবে ধার শোধ করবে। চলতি বছর ফিমেল সেকেন্ডারী স্কুল অ্যান্ডসিটেশন প্রজেক্টে জেলা সদরের একমাত্র সরকারি হালিকা বিদ্যালয় নীলফামারী গভর্নমেন্ট গার্লস হাইস্কুলের নতুন ১৭ ৯৮জন ছাত্রীর সরকারি উপবৃত্তি লাভের কথা। কিন্তু বার বার তাগিদ দেয়া সত্ত্বেও স্কুল কর্তৃপক্ষ নির্দিষ্ট সময়ের মধ্যে উপবৃত্তি লাভকারী ছাত্রীদের তালিকা সংশ্লিষ্ট পত্রের না পাঠানোয় এই ছাত্রীদের উপ-বৃত্তির জন্য প্রকল্প কর্তৃপক্ষ বিবেচনা করতে পারেনি বলে সংশ্লিষ্ট একটি সূত্র জানিয়েছে। এ ব্যাপারে প্রকল্প অফিসার ও স্কুল কর্তৃপক্ষ পরস্পরবিরোধী বক্তব্য দিয়েছে। উপজেলা প্রকল্প অফিসার উত্তিকুল ইসলাম সর্বোদমকে জানান, কয়েক মাস রিমাতার দেয়ার পরও নির্দিষ্ট সময়ের মধ্যে এই স্কুলটি ছাত্রীদের নামের তালিকা জমা না দেয়ায় এই বিপুলসংখ্যক ছাত্রী উপ-বৃত্তি থেকে বাদ পড়েছে।